

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-২
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেভেল-১৫, ৬২/৩, পুরানা পল্টন,
ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নম্বর: ২৬.০৩.০০০০.০০২.০৬.০০১.২২.২৩১১

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২৬ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২০২৩-২০২৪ অর্থবছরে নিবন্ধন সনদ নবায়ন সংক্রান্ত নির্দেশনা।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের সকল আঞ্চলিক দপ্তরসমূহ নিম্নে বর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক আসন্ন ২০২৩-২০২৪ অর্থবছরের নবায়ন কার্যক্রম সফলতার সাথে সম্পাদন করবেন।

- (১) যথাযথ পাওনা পরিশোধ সাপেক্ষে ০১ (এক) থেকে ০৫ (পাঁচ) বছরের মধ্যে যে কোনো মেয়াদে নবায়ন সম্পন্ন করা যাবে;
- (২) নবায়নের জন্য আবেদনের সাথে দাখিলকৃত কাগজপত্র: (i) অনলাইনে নবায়ন ফিস ও মুসক (VAT) প্রদান, (ii) প্রথমবার নবায়নের ক্ষেত্রে BIN Certificate এবং (iii) ২০২৩-২০২৪ অথবা ২০২২-২০২৩ করবর্ষের (এসেসমেন্ট ইয়ার) আয়কর রিটার্ন দাখিলের প্রমাণক;
- (৩) ২০২২-২০২৩ অথবা ২০২৩-২০২৪ এর যে কোন একটি করবর্ষের (এসেসমেন্ট ইয়ার) আয়কর রিটার্ন দাখিলের প্রমাণক অনলাইনে যাচাই করে সঠিক পাওয়া গেলেই নবায়ন সম্পন্ন করতে হবে;
- (৪) ২০২৩-২০২৪ অর্থবছরে একইসাথে আইআরসি নবায়ন এবং আমদানি সীমা বৃদ্ধি/হাস করা যাবে না। বিদ্যমান আমদানি সীমা অপরিবর্তিত রেখে নবায়ন সম্পাদন করতে হবে। পরবর্তীতে আবার পৃথকভাবে আবেদন করে আমদানি সীমা পরিবর্তন করতে হবে;
- (৫) সকল আঞ্চলিক দপ্তর প্রধানগণ নবায়ন কার্যক্রমের দায়িত্ব নির্বাহী অফিসারদের মধ্যে বণ্টন করে দিবেন এবং প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের আইটি শাখাকে দ্রুত অবগত করবেন;
- (৬) OLM সিস্টেমে প্রদেয় নবায়ন ফিস ও মুসক ফিস স্বয়ংক্রিয়ভাবে হিসাব করার জন্য প্রস্তুতকৃত Fees Calculator সঠিকভাবে কাজ করছে কিনা তা আইটি টিম নিয়মিত মনিটরিং করবেন;
- (৭) কোনো প্রকার ম্যানুয়াল চালান বিবেচনা করা হবে না;
- (৮) এক অর্থবছরের কোন নবায়নের আবেদন যদি অন্য অর্থবছরে প্রসেস করা হয় তাহলে নতুন অর্থ বছরের জন্য কোন রিনিউয়াল চার্জ করা যাবে না। কারণ, এখন থেকে যে অর্থবছরের জন্য নবায়নের আবেদন করা হয়েছে সার্টিফিকেট এর মেয়াদ সে অর্থবছর পর্যন্ত হবে; এবং
- (৯) নিবন্ধন সনদ নবায়নের জন্য যে সকল আবেদন জমা হবে তা বিধি মোতাবেক দ্রুত নিষ্পত্তি করতে হবে।



২৬-০৬-২০২৩

মোঃ তারিকুল ইসলাম

সহকারী নিয়ন্ত্রক

০২-৪১০৫০৫৩৬

ac1.ho@ccie.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। দপ্তর প্রধান, সকল আঞ্চলিক দপ্তর, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর;
- ২। জনাব নূর-ই-আলম, সিনিয়র সিস্টেম এনালিস্ট এন্ড টিম লিডার, সিনেসিস আইটি লিমিটেড;
- ৩। প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা (প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা {অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব) মহোদয়ের সদয় অবগতির জন্য} এবং
- ৫। অফিস কপি।

